

ঝরো-ঝরো ঝরো-ঝরো ঝরে রঙের ঝর্না ।

আ য় আ য় আ য় আ য় আ য় সে রসের সুধায় হৃদয় ভর্-না ॥

সেই মুক্ত বন্যাধারায় ধারায় চিত্ত মৃত্যু-আবেশ হারায়,

ও সেই রসের পরশ পেয়ে ধরা নিত্যনবীনবর্ণা ॥

তার কলধ্বনি দখিন-হাওয়ায় ছড়ায় গগনময়,

মর্মরিয়া আসে ছুটে নবীন কিশলয় ।

বনের বীণায় বীণায় ছন্দ জাগে বসন্তপঞ্চমের রাগে—

ও সেই সুরে সুরে সুর মিলিয়ে আনন্দগান ধর্-না ॥

---

Parjaay: prakriti / Basanta, Taal: Dadra, Raag: Bahaar

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail